MAY 01 2002

দৈনিক ইত্তেফাক

# ছাত্রলীগের নয়া কমিটিতে নাম বিভ্রাট ॥ সংগঠন চাঙ্গা করার উদ্যোগ

সাহাবুল হক ॥ নাম বিভ্রাটের কবলে পড়েছে ছাত্রলীগের নয়া কমিটি। একটি পদের দাবীদার হয়েছেন ৩/৪ জন একই নামের নেতা। নামের এই জটিলতা নিয়ে সংগঠনের নেতা-কর্মীদের মধ্যে বাদানুবাদেরও সৃষ্টি হচ্ছে। এদিকে ছাত্রলীগের কমিটি হতে বিবাহিত ও অছাত্রদের বাদ দেয়ার প্রক্রিয়া এখনও চূড়ান্ত হয়নি। পুরো কমিটি গঠনের প্রায় এক মাস অতিবাহিত হতে চললেও নাম বিভ্রাটের সমাধান এবং বিবাহিত ও অছাত্রদের বাদ না দেয়ায় সংগঠনের মধ্যে বিভিন্ন প্রশ্নের সৃষ্টি হচ্ছে।

জানা যায়, ১৮৯ সদস্যবিশিষ্ট ছাত্রলীগের কমিটিতে সহ-ধর্ম সম্পাদক পদে দাবীদার

## ছাত্রলীগের নয়া কমিটি

(৩য় পৃঃ পর)

এবং অপরজন হলেন জিয়া হলের ছাত্রলীগের সাধারণ সম্পাদক সৈয়দ হেমায়েত উদ্দিন। সহ-সম্পাদকদের মধ্যে একটি পদে সংগঠনের সাবেক সদস্য গাজী আশরাফুজ্জামান সেলিম এবং সূর্যসেন হলের মোঃ সেলিম দাবীদার। সদস্যদের মধ্যে জিয়া হলের হাবিবুর রহমান হাবিব এবং ঢাকা মহানগরের হাবিবুর রহমান হাবিব দুইজনই দাবী করেছেন তারা সদস্য। এছাড়া আবুল কালাম আজাদ নামের একজন রয়েছেন জসীম উদ্দিন হলের ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজেও রয়েছে আবুল কালাম আজাদ এবং মিজানুর রহমান মিজান নামে আছেন ৫ জন। হাজী মুহাম্মদ মুহসীন হলের এস এম হলে, ঢাকা কলেজের এবং ঢাকা মহানগরীতে মিজান নামের একেকজন রয়েছেন। আনিসুর রহমান নামেও দুইজন।

কমিটি গঠনের পর বিবাহিত ও অছাত্রদের কমিটিতে অন্তর্ভুক্ত করার বিষয় নিয়ে ব্যাপক সমালোচনা হলে সংগঠনের পুরাতন এ ছাত্র নেতাদের নিয়ে একটি তদন্ত কমিটি গঠন করা হয়। ৭ দিনের মধ্যে তদন্ত কমিটির রিপোর্ট পেশ করার কথা থাকলেও তা এখনই চূড়ান্ত হয়নি। এ বিষয়টি চূড়ান্ত না হলে সংগঠনের সকল সদস্যদের নিকট চিঠিও পাঠানো যাচ্ছে না বলে জানা যায়। এদিকে দীর্ঘ কমিটি গঠনের পর সংগঠনের অনেক নেতা-কর্মী নিষ্ক্রিয় হয়ে পড়ছে। সংগঠনের নেতা-কর্মীদের সক্রিয় করার লক্ষ্যে গত ১০ এপ্রিল থেকে দলীয় অফিসে হাজিরা খাতা খোলা হলেও তাতে তেমন কেউ স্বাক্ষর করছেন না। ছাত্রলীগের বর্তমান স্থবিরতার অবসানের লক্ষ্যে আগামী ৬ মে থেকে ৫ দিনব্যাপী কেন্দ্রীয় নেতৃবৃন্দের সারাদেশে সাংগঠনিক ট্যুরের আয়োজন করা হয়েছে। গত সোমবার সন্ধ্যায় দলীয় অফিসে এক বৈঠকে সাংগঠনিক সফরের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। বৈঠকে আওয়ামী লীগের প্রচার সম্পাদক আঃ মান্নান, আওয়ামী লীগ নেতা ওবায়দুল কাদের, সুলতান মনসুর, আঃ রহমান, পান্না, মারুফা আক্তার পপি, সাইফুজ্জামান শিখর, বলরাম পোদ্দার, আশরাফুল আজিম রুবন, আব্দুল ওয়াদুদ খোকন, খান মঈনুল মোস্তাক, খলিলুর রহমান, আব্দুল আলীম, মাহফুজুর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন। কেন্দ্রীয় নেতৃবৃন্দ সারাদেশে সাংগঠনিক সফর করে নির্যাতিত, কারারুদ্ধ, পঙ্গু এবং বিভিন্নভাবে হয়রানির শিকার ছাত্রলীগ নেতা-কর্মীদের নামের তালিকা সংগ্রহ করা ছাড়াও সংগঠনের কারাবন্দী সভাপতি ও সাধারণ সম্পাদকের মুক্তির দাবীতে আন্দোলন জোরদার করা